

أعوذ بالله من الشيطان الرجيم

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

(Book# 114/۱۱)

www.motaher21.net

وَاتَّقُوا يَوْمًا

তোমরা ভয় কর সেই দিনকে,

Fear the Day.

সুরা: আল-বাক্বারাহ

আয়াত নং :- ২৮১

وَاتَّقُوا يَوْمًا تُرْجَعُونَ فِيهِ إِلَى اللَّهِ ۖ ثُمَّ تُوَفَّى كُلُّ نَفْسٍ مَّا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُونَ

তোমরা সেদিনের ভয় করো, যেদিন তোমাদের মহান আল্লাহর দিকে ফিরিয়ে নেয়া হবে। তারপর প্রত্যেক লোককে তার কৃতকর্মের বিনিময় দেয়া হবে এবং তারা কিছুমাত্র অত্যাচারিত হবে না।

২৮১ নং আয়াতের তাফসীর:

﴿وَاتَّقُوا يَوْمًا تُرْجَعُونَ فِيهِ إِلَى اللَّهِ ۖ ثُمَّ تُوَفَّى كُلُّ نَفْسٍ مَّا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُونَ﴾

অতঃপর মহান আল্লাহ্ স্বীয় বান্দাদেরকে উপদেশ দিচ্ছেন এবং তাদেরকে দুনিয়ার লয় ও ক্ষয়, মালের ধ্বংসশীলতা, পরকালের আগমন, মহান আল্লাহ্র নিকট প্রত্যাবর্তন, মহান আল্লাহ্কে নিজেদের কাজের হিসাব প্রদান এবং সমস্ত কাজের প্রতিদান প্রাপ্তির কথা স্মরণ করিয়ে দিচ্ছেন ও তার শাস্তি থেকে ভয় প্রদর্শন করছেন। ইবনু আব্বাস (রাঃ) থেকে এটাও বর্ণিত আছে যে, কুর' আনুল হাকীমে এটাই সর্বশেষ আয়াত। (সহীহুল বুখারী-৮/৫২/৪৫৪৪, সুনান নাসাঈ -৬/৩০৭/১১০৫৭, তাফসীর তাবারী -৬/৪০)

ইবনু আব্বাস (রাঃ) -এর একটি বর্ণনায় এই আয়াতটি অবতীর্ণ হওয়ার পর রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) -এর একত্রিশ দিন জীবিত থাকার কথা বর্ণিত হয়েছে। ইবনু জুরাইয (রহঃ) বলেনঃ পূর্ববর্তী মনীষীদের উক্তি এই যে, এরপর রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নয়দিন জীবিত ছিলেন। শনিবার হতে আরম্ভ হয় এবং তিনি সোমবারে ইন্তিকাল করেন। মোট কথা, কুর' আন মাজীদে সর্বশেষ এই আয়াতটি অবতীর্ণ হয়।

অতঃপর আল্লাহ তা 'আলার দিকে ফিরে যাওয়াকে ভয় করার নির্দেশ দিয়েছেন যেদিন প্রত্যেককে তার কৃত আমলের ফলাফল দেয়া হবে।

আয়াত থেকে শিক্ষণীয় বিষয়:

আখিরাতকে ভয় করে শরীয়ত গর্হিত সকল কর্ম বর্জন করা উচিত, কারণ আখিরাতের অবস্থা বড় কঠিন।